# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৩২৬

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩১৪. রাতের সালাত দু’ দু’ রাক‘আত করে আদায় করা প্রসঙ্গে

باب صَلاَةِ اللَّيْلِ مَثْنَى مَثْنَى

আরবী

حَدَّثَنَا الْقَعْنَبِيُّ، عَنْ مَالِكٍ، عَنْ نَافِعٍ، وَعَبْدِ اللهِ بْنِ دِينَارٍ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عُمَرَ، : أَنَّ رَجُلاً، سَأَلَ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم عَنْ صَلاَةِ اللَّيْلِ، فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم : " صَلاَةُ اللَّيْلِ مَثْنَى مَثْنَى، فَإِذَا خَشِيَ أَحَدُكُمُ الصُّبْحَ صَلَّى رَكْعَةً وَاحِدَةً تُوتِرُ لَهُ مَا قَدْ صَلَّى " .

ـ صحيح : ق

বাংলা

১৩২৬। ’আবদুল্লাহ ইবনু ’উমার রাযিয়াল্লাহু ’আনহুমা সূত্রে বর্ণিত। একদা কতিপয় লোক রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে রাতের সালাত সম্বন্ধে জিজ্ঞেস করলেরাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ রাতের সালাত হচ্ছে দু’ দু’ রাক’আত করে। তোমাদের কেউ সুবহি সাদিকের আশংকা করলে পূর্বে যেটুকু সালাত আদায় করেছে তা বিতর (বেজোড়) করতে এক রাক’আত সালাত আদায় করে নিবে।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

Narrated 'Abdullah bin 'Umar:
A man asked the Messenger of Allah (ﷺ) about the prayer at night. The Messenger of Allah (ﷺ) said: Prayer during the night should consist of pairs of rak'ahs, but if one of you fears the morning is near he should pray one rak'ah which will make his prayer an odd number for him.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : বিতর, অনুঃ বিতর সম্পর্কে, হাঃ ৯৯০), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, অনুঃ রাতের সালাত দুই দুই রাক‘আত) উভয়ে মালিক হতে নাফি‘ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58644

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন